

একই নম্বর ও তারিখের স্থলাভিষিক্ত হবে।



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সরকারি সমুদ্র পরিবহন অফিস  
সরকারি কার্য ভবন-১  
আগ্রাবাদ, চট্টগ্রাম-৪১০০

ফোন নং- ৮৮০-৩১-৭২৩৭৫৪  
ফ্যাক্স নং- ৮৮০-৩১-৭১০৯৮৪  
E-mail- gso@gso.gov.bd  
Website-www.gso.gov.bd

নথি নং- ১৮.১৭.১৫০০.৩০৬.২৭.০৬৯.১৯.১৬৫৫(৭)

তারিখ:-৩০-০৫-২০১৯ খ্রি:।


বিজ্ঞপ্তি

এতদ্বারা সকল জাহাজ মালিক/ নাবিক রিক্রুটিং এজেন্টদের অবগতির জন্য জানান যাচ্ছে যে, বাংলাদেশ মার্চেন্ট শিপিং অর্ডিনেন্স ১৯৮৩ এর কতিপয় ধারা সম্প্রতি সংশোধন পূর্বক নাবিকদের পলায়ন রোধকল্পে The Merchant Shipping (Amendment) Act, 2004 জারী করা হয়েছে। এ্যাক্ট অনুযায়ী অপরাধের শাস্তি নিম্নরূপ:-

- ১। পলায়নকৃত নাবিক এবং তাঁর বন্দুদাতার বিরুদ্ধে মেরিন কোর্টে মামলা দায়ের করা হবে। দোষী স্বাব্যস্ত হলে জেল ও জরিমানা হতে পারে।
- ২। পলায়নকৃত নাবিকের সিডিসি বাতিলসহ এ পেশায় পুনরায় ফিরে আসতে পারবে না।
- ৩। পলায়নকৃত নাবিক কোন প্রকার সরকারি চাকুরীতে যোগদান করতে পারবেনা।
- ৪। পলায়নকৃত নাবিকের স্থাবর ও অস্থাবর সম্পত্তি ক্রোকের মাধ্যমে বাজেয়াপ্ত করা হবে।

উক্ত Act এর ধারা ৫ এর (1)(a) মোতাবেক নাবিকদের জামানতকারী (Guarantor) এর নিকট থেকে ৫,০০,০০০/= (পাঁচ লক্ষ) টাকার BOND গ্রহণের বিধান রাখা হয়েছে। ইতিমধ্যে বন্ডটি আইন মন্ত্রণালয় হতে ভেটিং হয়ে অত্র অফিসে প্রেরণ করা হয়েছে (কপি সংযুক্ত), যা সংশ্লিষ্ট ম্যানিং এজেন্টদের নিকট অত্র অফিসের বিজ্ঞপ্তি নং- সিডিসি৬(পলায়ন রোধ/২০০৪/১৮/৫২৫৯ তারিখ ১৮-১১-২০০৯ এবং ৪০৫.০০৯.১৭৭.০০.১৭৭৭.২০১১/২০৫৮ (২১) তারিখ ২০-০৯-২০১৫ খ্রি: এর মাধ্যমে প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হয়। উল্লেখ্য যে, পলায়নকৃত নাবিকদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের জন্য আইনানুযায়ী সংশ্লিষ্ট জাহাজের লগ এন্ট্রিতে পলায়নকৃত বন্দরের শিপিং মাস্টার কর্তৃক প্রতিস্বাক্ষরের প্রয়োজন হয়।

এমতাবস্থায়, সংশ্লিষ্ট ম্যানিং এজেন্টদের যে সমস্ত জাহাজ যুক্তরাষ্ট্র, ইউরোপ, কানাডা, ইতালি, জাপান, অস্ট্রেলিয়া, স্পেন, ফ্রান্স, সিংগাপুর, বেলজিয়াম, নিউজিল্যান্ড, দুবাই, কোরিয়া, নেদারল্যান্ড, গ্রীক, পর্তুগাল, মেক্সিকো, জার্মানী, যুক্তরাজ্য ইত্যাদি বুটে চলাচল করে অর্থাৎ যে সমস্ত বন্দরে নাবিকদের পলায়নের সম্ভাবনা রয়েছে সে সমস্ত বুটের জাহাজে নাবিক নিয়োগের পূর্বে (নির্দিষ্ট জাহাজে সাইন-অনের সময়) নাবিক/নাবিকদের জামানতকারীর (Guarantor) নিকট থেকে সরকারি শিপিং অফিসের মাধ্যমে ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্প বন্ড গ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থার জন্য পুনরায় অনুরোধ করা হল।  
সংলগ্নীঃ-বর্ণনামতে।

  
মোঃ জাকির হোসেন চৌধুরী  
শিপিং মাস্টার, চট্টগ্রাম।

বিতরণঃ-

- ১। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ শিপিং কর্পোরেশন, বিএসসি ভবন, সল্টগোলা রোড, চট্টগ্রাম।
- ২। সভাপতি/সাধারণ সম্পাদক, বাংলাদেশ ওশানগোয়িং শিপ ওনার্স এসোসিয়েশন, ইস্ট কোস্ট সেন্টার, গুলশান-১, ঢাকা। অত্র বিজ্ঞপ্তিখানা (সংলগ্নীসহ) আপনাদের সকল সদস্যবৃন্দকে প্রেরণের জন্য অনুরোধ করা হল।
- ৩। সভাপতি/সাধারণ সম্পাদক, বাংলাদেশ শিপ ম্যানিং এজেন্ট এসোসিয়েশন, প্রয়ঙ্ক- এ, জেড শিপিং সার্ভিসেস, সিটি শিপিং কমপ্লেক্স (৩য় তলা), ব্যাপারী পাড়া, আগ্রাবাদ, চট্টগ্রাম। অত্র বিজ্ঞপ্তিখানা (সংলগ্নীসহ) সকল ম্যানিং এজেন্টকে প্রেরণের জন্য অনুরোধ করা হল।
- ৪। নোটিশ বোর্ড, সরকারি সমুদ্র পরিবহন অফিস, চট্টগ্রাম।
- ৫। প্রশাসন শাখা, সরকারি সমুদ্র পরিবহন অফিস, চট্টগ্রাম।
- ৬। হিসাব শাখা, সরকারি সমুদ্র পরিবহন অফিস, চট্টগ্রাম।
- ৭। শিপিং শাখা, সরকারি সমুদ্র পরিবহন অফিস, চট্টগ্রাম।

অনুলিপি:- সদয় অবগতির জন্য-

মহাপরিচালক, নৌপরিবহন অধিদপ্তর, ১৪১-১৪৩, মতিঝিল বা/এ, ঢাকা।